



উত্তরায় বিমান বিধ্বস্ত: বার্ন ইউনিটসহ অনেক হাসপাতালে ভর্তি বহু দক্ষ, রক্তদানের আহ্বান



সংগৃহীত ছবি

উত্তরায় বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান দুর্ঘটনায় পড়ে নারী-শিশুসহ বহু মানুষ দক্ষ হয়েছেন। আহতদের জরুরি চিকিৎসা দিতে রক্তের প্রয়োজন দেখা দিয়েছে। জাতীয় বার্ন ইউনিটে ভর্তি রোগীদের জন্য রক্তদানসহ অন্যান্য সহায়তায় এগিয়ে আসার জন্য আহ্বান জানানো হয়েছে।

রাজধানীর উত্তরায় আজ সোমবার দুপুর ১টা ৬ মিনিটে বাংলাদেশ বিমানবাহিনীর একটি এফ-৭ বিজিআই প্রশিক্ষণ বিমান দুর্ঘটনার কবলে পড়ে। বিমানটি উড্ডয়নের কিছুক্ষণ পরই মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি ভবনে বিধ্বস্ত হয় বলে নিশ্চিত করেছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)।

ঘটনার পরপরই আহতদের উদ্ধার করে ঢাকার জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে নেওয়া হয়। এখন পর্যন্ত নারী-শিশুসহ অন্তত ২৯ জন ভর্তি হয়েছেন এবং এই সংখ্যা আরও বাড়ছে। হাসপাতালের পরিচালক ডা. নাসির উদ্দিন জানান, অর্ধশতাধিক দক্ষ রোগীকে ভর্তি করা হয়েছে, যাদের অনেকেরই অবস্থা আশঙ্কাজনক।

দক্ষদের চিকিৎসায় প্রচুর পরিমাণে রক্তের প্রয়োজন হওয়ায় আশপাশের বাসিন্দা ও স্বৈচ্ছাসেবীদের জরুরি ভিত্তিতে রক্তদানে এগিয়ে আসার অনুরোধ জানানো হয়েছে।

এদিকে, দুর্ঘটনার পর সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক সহানুভূতির ঢল নেমেছে। অনেকে হাসপাতালে যোগাযোগের তথ্য শেয়ার করছেন, আবার কেউ কেউ প্রয়োজন হলে আইসিইউ সুবিধা বিনামূল্যে দেওয়ার ঘোষণাও দিয়েছেন। ফেসবুকে এক স্ট্যাটাসে শেখ মইনুল খোকন জানিয়েছেন, “উত্তরায় দুর্ঘটনায় হতাহত কারো আইসিইউ প্রয়োজন হলে ‘হিউম্যান এইড রিসার্চ ল্যাব অ্যান্ড হাসপাতাল’-এর আইসিইউ সেবা বিনামূল্যে দেওয়া হবে।”